



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/২৩৩৮

তারিখ : ২০/০২/২০২০


বিষয় : বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে, ৮ম ও ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য eSIF-এর মাধ্যমে ডাটা এন্ট্রির জন্য কমপক্ষে ১/২ মাস সময় দেয়া হয়েছিল। পরবর্তীতে একাধিকবার উক্ত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন সংশোধন/বয়োজনের সুযোগ দেয়া সত্ত্বেও রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করার পর বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তাদের আবেদনের প্রেক্ষিতে অসংখ্য তথ্য সংশোধন করতে হয়েছে। যার জন্য বোর্ডের নিয়মিত কাজে ব্যঘাত ঘটে। ২০১৯ সালে ৮ম শ্রেণি এবং ২০১৮-২০১৯ ৯ম শ্রেণির শিক্ষাবর্ষের সংযুক্ত বিদ্যালয়গুলো পার্শ্বে উল্লিখিত সংশোধন/বয়োজন ব্যাপকভাবে বার বার করার প্রয়োজন হয়েছে। ফলে এধরনের ভুল-ভ্রান্তি যেন পুনরাবৃত্তি না ঘটে তার জন্য অধিকতর সতর্কতা অবলম্বনপূর্বক শিক্ষার্থীদের নাম/পিতার নাম ইত্যাদি পিইসি ও নিবন্ধন সনদ নিশ্চিত হয়ে অনলাইনে eSIF-এর মাধ্যমে ডাটা এন্ট্রি করতে হবে এবং ডাটা এন্ট্রি সম্পন্ন করার পর প্রধান শিক্ষক এবং শ্রেণি শিক্ষকের মাধ্যমে যাচাই-বাছাই করে Final Submit করার নির্দেশ দেয়া হলো। চূড়ান্ত সংশোধন শেষে মূল রেজিস্ট্রেশন কার্ড দেয়ার পর আর কোন অবস্থাতেই মূল রেজিস্ট্রেশন কার্ডের সংশোধন করার সুযোগ থাকবে না।

সংযুক্তি : ২০১৯ সালের ৮ম এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের
সংশোধন/বয়োজনকৃত বিদ্যালয়ের তালিকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯